# RAMAKRISHNA VIVEKANANDA MISSION
# MODEL QUESTION FOR ANNUAL EXAM 2020
## SUB : - BENGALI
## CLASS : - IV FULL MARKS - 100

**A) সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দাও:-** **(1x50=50)**

1) পুজনীয় ব্যক্তির প্রতি শ্রদ্ধা বলতে বোঝায়-
a) সাহস ( ) / b) ভক্তি ( ) / c) প্রনাম ( )

2) সম্মান শব্দের বিপরীত শব্দ হল-
a) কৃতজ্ঞ ( ) / b) শ্রদ্ধা ( ) / c) অসম্মান ( )

3) দেখব এবার জগতটাকে- কবিতাটির রচয়িতা হলেন-
a) নজরুল ইসলাম ( ) / b) রবিন্দ্রনাথ ঠাকুর ( ) / c) সত্যেন্দ্রনাথ দত্ত ( )

4) গ্যাসের আলো আবিষ্কার করেছিলেন-
a) মার্ডক ( ) / b) ফ্রাঙ্কলিন ( ) / c) এডিসন ( )

5) গ্রামের তরুনীরা কোন গাছের তলায় দাঁড়িয়েছিল?
a) শাল ( ) / b) মহুয়া ( ) / c) অজুন ( )

6) বায়ু অপেক্ষা শীঘ্রতর-
a) মন ( ) / b) চিন্তা ( ) / c) নদী ( )

7) টর্চ বৈদ্যুতিক শক্তি পায় কি থেকে ?
a) ব্যাটারি ( ) / b) বিদ্যুৎ ( ) / c) গ্যাস ( )

8) আপনি কি কখনো ভগবান দেখেছেন- কথাটি বলেছেন
a) নরেন ( ) / b) রামকৃষ্ণ ( ) / c) রামকুমার ( )

9) পৃথিবী অপেক্ষা গুরুতর-
a) মাতা ( ) / b) মন ( ) / c) পিতা ( )

10) বকশিশ শব্দটি কোন ভাষার অন্তর্গত-
a) ফারসি ( ) / b) আরবি ( ) / c) সংস্কৃত ( )

11) গোপনে শব্দের বিপরীত শব্দ হল
a) প্রকাশ্যে ( ) / b) আড়ালে ( ) / c) নিভৃতে ( )

12) নরেন্দ্রনাথের বাড়ী কোথায় অবস্থিত ছিল-
a) মধ্য কলকাতা ( ) / b) দক্ষিণ কলকাতা ( ) / c) উত্তর কলকাতা ( )

13) বীনা বাড়ি গেল- বাক্যটি কোন পুরুষের উদাহরণ?
a) প্রথম পুরুষ ( ) / b) মধ্যম পুরুষ ( ) / c) উত্তম পুরুষ ( )

14) শ্রীকৃষ্ণের পিতার নাম -
a) দশরথ ( ) / b) বসুদেব ( ) / c) শুদ্ধোধন ( )

15) যথা + ইচ্ছা- সন্ধি করলে হয়
a) যথেচ্ছা ( ) / b) ইচ্ছা ( ) / c) যথার্থেচ্ছা ( )

16) সাঁঝ শব্দের অর্থ কি?
a) সন্ধ্যাবেলা ( ) / b) সকালবেলা ( ) / c) ভোরবেলা ( )

17) বাতাস শব্দের সমার্থক শব্দ হল-
a) পবন ( ) / b) নীর ( ) / c) শৈল ( )

18) দেওঘর কোন রাজ্যে অবস্থিত-
a) বিহার ( ) / b) উড়িষ্যা ( ) / c) ঝাড়খন্ড ( )

19) বেগ দ্বারা বৃদ্ধি পায়-

a) নদী ( ) / b) মন ( ) / c) বায়ু ( )

20) মার্ডক কোন দেশের অধিবাসী ছিলেন-

a) স্কটল্যান্ড ( ) / b) ইংল্যান্ড ( ) / c) জার্মানী ( )

21) চন্দ্রামনি দেবী কার মা ছিলেন-

a) রামকৃষ্ণ ( ) / b) নরেন ( ) / c) রামপ্রসাদ ( )

22) বচন কয় প্রকার-

a) ৩ ( ) / b) ২ ( ) / c) ৪ ( )

23) পুত্র লাভের জন্য কাশীধামে কে গিয়েছিলেন?

a) চন্দ্রমনি দেবী ( ) / b) ভুবনেশ্বরী দেবী ( ) / c) প্রসন্নময়ী দেবী ( )

24) দর্শন শাস্ত্রে যিনি পন্ডিত তাকে বলে-

a) দার্শনিক ( ) / b) দর্শন ( ) / c) করণিক ( )

25) পাহাড়ের নীচে হাট রচনাটিতে কোন আদিবাসীদের কথা বলা হয়েছে?

a) সাওতাল ( ) / b) মুন্ডা ( ) / c) হো ( )

26) বঙ্কিমচন্দ্র চট্টপাধ্যায়ের একটি উল্লেখযোগ্য উপন্যাস হল-

a) চাঁদের পাহাড় ( ) / b) আনন্দমঠ ( ) / c) কথামৃত ( )

27) নিকৃষ্ট শব্দের অর্থ হল-

a) খারাপ ( ) / b) একতা ( ) / c) দক্ষতা ( )

28) 'এই একটা আকর্ষনের বস্তু বটে এদের জীবনে '- আকর্ষনের বস্তুটি হল

a) মুরগির লড়াই ( ) / b) হাটের কেনাবেচা ( ) / c) হাটের জনসমাগম ( )

29) কে কুকুরটিকে মেরে তাড়িয়ে দেয়, খেতে দেয় না?

a) বামুন ঠাকুর ( ) / b) মালিবউ ( ) / c) চাকর ( )

30) মিতুলের গৌতমকাকু একজন কি?

a) বিজ্ঞানী ( ) / b) ডাক্তার ( ) / c) দার্শনিক ( )

31) রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পান কত সালে?

a) ১৯৩১ ( ) / b) ১৯২১ ( ) / c) ১৯১৩ ( )

32) আঁধার শব্দের বিপরীত শব্দ হল-

a) কালো ( ) / b) আলো ( ) / c) ভোর ( )

33) সরকারের দেওয়া ------------- উপাধি রবীন্দ্রনাথ ঠাকুর প্রত্যাখ্যান করেন।

a) নাইট ( ) / b) রাইট ( ) / c) ফাইট ( )

34) বহু মানুষের মিলনস্থলকে এককথায় কি বলে?

a) মেলা ( ) / b) নাগরিক ( ) / c) জনসভা ( )

35) কাজী নজরুল ইসলাম কি নামে পরিচিত?

a) পল্লীকবি ( ) / b) বিদ্রোহী কবি ( ) / c) জনপ্রিয় কবি ( )

36) গো + অক্ষ= গবাক্ষ- এটি কোন সন্ধির উদাহরণ?

a) স্বরসন্ধি ( ) / b) ব্যঞ্জনসন্ধি ( ) / c) নিপাতনে সিদ্ধ সন্ধি ( )

37) ক্ষত্রিয়ের অসাধুভাব হল শরনাগত কে-

a) আশ্রয়দান ( ) / b) অসম্মান ( ) / c) পরিত্যাগ ( )

38) 'বাক' শব্দের মানে হল-

a)কথা ( ) / b) ভাষা ( ) / c) ব্যাথা ( )

39) বাংলা বর্নমালায় -------- টি ব্যঞ্জনবর্ন আছে।

a) ৩৫ টি ( ) / b) ৪০ টি ( ) / c) ১০ টি ( )

40) বাগযন্ত্রের সবচেয়ে কম চেষ্টায় শব্দের উচ্চারিত অংশ হল-

a) অক্ষর ( ) / b) ধ্বনি ( ) / c) বর্ন ( )

41) 'বিজ্ঞানের আলো'- গল্পটি কার লেখা?

a) স্বপ্না চক্রবর্তী ( ) / b) স্বপ্না মুখার্জী ( ) / c) স্বপ্না দত্ত ( )

42) একটি বহুবচনের উদাহরন হল-

a) বড়ো মাথা ( ) / b) অনেক বড়ো মাথা ( ) / c) বড়ো বড়ো মাথা ( )

43) 'র বে ভো লা' - সাজিয়ে শব্দ তৈরী করলে হবে

a) ভোরবেলা ( ) / b) ভোলারবে ( ) / c) বেলাভোর ( )

44) একটি মধ্যমপুরুষের উদাহরন হল

a) আপনাকে ( ) / b) তাহারা ( ) / c) মোরা ( )

45) তিনি মা ভবতারিনী ------------ মন্দিরে নিত্য তার পুজো হয়।

a) কালীঘাট ( ) / b) নবদ্বীপ ( ) / c) দক্ষিনেশ্বর ( )

46) যুধিষ্ঠিরের আদেশে নকুল কোন গাছে উঠে চারদিকে দেখলেন?

a) বট গাছ ( ) / b) আম গাছ ( ) / c) কাঁঠাল গাছ ( )

47) মিতুলের মন খারাপ কারণ ----------- পরীক্ষায় সে ভাল নম্বর পায় নি।

a) অংক ( ) / b) বাংলা ( ) / c) বিজ্ঞান ( )

48) হাটের শেষে হয় কার লড়াই ?

a) মুরগীর ( ) / b) হাঁসের ( ) / c) কুকুরের ( )

49) মাত্র কত বছর বয়সে বঙ্কিমচন্দ্র এর প্রথম উপন্যাস দুর্গেশনন্দিনী প্রকাশিত হয়?

a) ২২ ( ) / b) ২৪ ( ) / c) ২৭ ( )

50) 'ছোটদের প্রিয় কাল্পনিক কাহিনী'- এককথায় কি বলা হয়?

a) রূপকথা ( ) / b) ইতিকথা ( ) / c) কথাবার্তা ( )

**B.) নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও:-** **(2.5X6=15)**

a)হাট কোথায় বসেছিল? হাটে কি কি জিনিস বিক্রি হচ্ছিল?

b)"আমার কাছে কী একটা নালিশ জানাতে চায়'- কে, কার কাছে কী একটা নালিশ জানাতে চায়?

c)'তাই নিয়ে মিতুলের মনে খুব গর্ব'- কোন গল্পের লাইন? গর্ব শব্দের অর্থ কি? কাকে নিয়ে মিতুলের মনে কেন খুব গর্ব?

d)কবি জ্যোতিরিন্দ্র মৈত্র তার কোন কবিতায় 'ছোটোর' প্রতীক হিসাবে কার হয়ে কথা বলেছেন এবং 'ছোটো' বলে তার কি ব্যাখ্যা দিয়েছেন?

e) 'এই সবই তিনি দেখতে চান, বুঝতে চান'।- তিনি কে? তিনি কি কি দেখতে ও বুঝতে চান?

f)কত সালে আমেরিকার কোন বিজ্ঞানী গবেষনা করে কি দেখেন এবং কি বুঝেছিলেন?.

**C)** 'প্রশ্ন' কবিতাটি কবির নামসহ শেষ চার লাইন মুখস্থ লিখ। **(1+4=5)**

**D) ব্যাকরণ থেকে উত্তর দাও:-** **(2X5=10)**

a) কোন দুটি বর্নকে ও কেন যৌগিক স্বর বলে?

b) পুরুষ কাকে বলে? ইহা কয় প্রকার ও কি কি?

c) বচন কাকে বলে? ইহা কয় প্রকার ও কি কি?

d) সন্ধি শব্দের অর্থ কি? ইহা কয় প্রকার ও কি কি?

e) সমার্থক শব্দ কাকে বলে? ইহাকে আর কি কি বলা হয়?